

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd


নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.২৩.১৭/ ৩৩৮

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার মাঠেরপাড় দাখিল মাদ্রাসার দাখিল প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্রঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/রিক/নাগেশ্বরী-কুড়িগ্রাম-নতুন/২৩৮, তারিখ-০৪/১০/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জনসংখ্যা-২০১১ “ন্যাশনাল ভলিউম-২: ইউনিয়ন স্ট্যাটিস্টিকস” মোতাবেক কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার জনসংখ্যা ৩,৯৪,২৫৮ জন। প্রতি ১০,০০০ হাজার জনসংখ্যার জন্য ১টি হিসেবে উক্ত উপজেলায় ৩৯টি দাখিল স্তরের মাদ্রাসা প্রাপ্য। বর্তমানে উক্ত উপজেলায় ৩৯টি দাখিল স্তরের মাদ্রাসা রয়েছে। তাই উক্ত উপজেলায় আর কোন নতুন দাখিল স্তরের মাদ্রাসার পাঠদান অনুমতি প্রদানের সুযোগ নেই। বিষয়টি নির্দেশক্রমে তাঁকে অবহিত করা হলো।


(মোঃ আঃ খালেক মিয়া)
সহকারী-সচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

বিতরণ:

১. জনাব ওয়াহিদা মুসাররত অনীতা, পরিচালক-৭, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. জনাব এ.কে.এম মোস্তফিজুর রহমান, মাননীয় সংসদ সদস্য, কুড়িগ্রাম-১, (ব্লক নও-৫, রুম নং-১১৪, এমপিও হোস্টেল, শেরে বাংলা নগর, ঢাকা)।

অনুলিপিঃ

১. উপ-সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি।